



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০০১-২০০২/১১০৪

তারিখ: ১৫ ফেব্রুয়ারী ২০১৫

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ফরম নিশ্চয়নের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভর্তিচ্ছু শিক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদনের সময় আগামী ২৫ ফেব্রুয়ারী ২০১৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে ২৬ ফেব্রুয়ারী ২০১৫ তারিখের মধ্যে অবশ্যই ফরম জমা দিতে হবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd/admissions) প্রদর্শিত ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

নিম্নোক্ত নতুন সময়সূচী অনুযায়ী আগ্রহী সকল শিক্ষার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত SSC ও HSC পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাশের সাল এন্ট্রি দিবে। পরবর্তীতে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজের নাম select করলে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার প্রার্থিত কোর্সের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত কলেজ ও কোর্সের পছন্দক্রম নির্ধারণ করবে। পরবর্তী পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে আবেদন ফরম পূরণের সচিত্র ব্যবহার বিধি জানতে www.nu.edu.bd/admissions লিংকে গিয়ে Degree Admission Guide Line এ ক্লিক করতে হবে।	১৬/০২/২০১৫ থেকে ২৫/০২/২০১৫
২।	দ্বিতীয় ধাপ: প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে আবেদনকারীর স্বাক্ষরসহ করে সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দেয়ার সময়সীমা	১৬/০২/২০১৫ থেকে ২৬/০২/২০১৫
৩।	তৃতীয় ধাপ: প্রাথমিক আবেদনকারীদের ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করার তারিখ	১৬/০২/২০১৫ থেকে ২৮/০২/২০১৫
৪।	চতুর্থ ধাপ: সংশ্লিষ্ট কলেজের জন্য প্রয়োজ্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন ফর্ম নির্ধারিত অংশ জাতীয় বিশ্ববিদ্যালয়ে ডি.ডি. করার পরিবর্তে “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট কলেজ থেকে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দেয়ার তারিখ। (সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Degree) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ভর্তি (ভর্তি ফান্ড) ফি খাতের সংশ্লিষ্ট হিসাব নম্বর- ১০০০৩২৪৫৯ উলে-খপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।)	০২/০৩/২০১৫ থেকে ০৩/০৩/২০১৫

দৃষ্টি আকর্ষণ

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন ও চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে One Time Password (OTP) পেতে (ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল নম্বরসহ) ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে। স্নাতক (পাস) অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password ও OTP বলবৎ থাকবে তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য User ID, Password এবং One Time Password (OTP) পেতে ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

ও

সদস্য, ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি, ২০১৪-২০১৫
ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল-deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০০১-২০০২/১১০৪

তারিখ: ১৫ ফেব্রুয়ারী

২০১৫

অনুলিপি:

- ১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
- ৩। সচিব, ভাইস চ্যান্সেলর এর দফতর
- ৪। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক)
- ৫। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়